# ২০২৫
# বাংলা
## (অনার্স)
## স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)
## তৃতীয় সেমেস্টার
## কোর্স কোর্ড : BENG-H-SEC-T-1
## (বানান বিধি, প্রুফ সংশোধন, সাহিত্য পাঠদান ও প্রয়োগবৈচিত্র্য)
## [CBCS]

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ২×৫=১০

ক) একটি নাটককে মঞ্চায়িত করতে হলে কোন্ কোন্ বিষয়ের ওপর নজর দিতে হয়?

খ) নাটকে কোরাস-এর গুরুত্ব লেখো।

গ) পার্শ্বচরিত্র বলতে কী বোঝায়?

ঘ) নাটকে সংলাপের গুরুত্ব লেখো।

ঙ) বাংলা গদ্যে যতি চিহ্ন বা বিরামচিহ্ন কেন ব্যবহার করা হয়?

(পরের পাতায়)

চ) যে-কোন দুটি সাহিত্য-বিষয়ক আলোচনাচক্রের শিরোনাম লেখো।

ছ) বাক্যে কোনো অতিরিক্ত বিষয় বাদ দিতে গেলে কী চিহ্ন ব্যবহার করবে একটি উদাহরণ দিয়ে লেখো।

জ) কবিতা পাঠের দুটি উদ্দেশ্য লেখো।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) ছোটোগল্পের সব ক'টি চরিত্র-নাম নাট্যরূপ প্রস্তুতির ক্ষেত্রে বিবেচিত হতে পারে কিনা, সে বিষয়ে তোমার অভিমত যুক্তিসহ লেখো।

খ) শ্রেণিকক্ষে সাহিত্য পাঠদানের সময় 'নামকরণ' বিষয়ে ছাত্র-ছাত্রীদের অবহিত করা হয় কেন?

গ) শ্রেণিকক্ষে সাহিত্য-পাঠদানের প্রচলিত ব্যবস্থাপনার সীমাবদ্ধতাগুলি আলোচনা করো।

ঘ) একটি কবিতা পাঠকালে তুমি কোন কোন বিষয় মেনে চলবে?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) প্রুফ সংশোধন করো :

কম্পোজ ম্যাটার —

সুকের লাগিগা এই ঘর বাধিনু
আননে পুড়িয়া লেল
আমিয়া শাগরে শিনান কতিতে
সক লই গলল ভেল।।
শফি কি মর কলমে লে খি।
শী লত বলিলা ও চাঁদ শোধনু
ভানুল কিরন দেখি।।



মূল কপি —

সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু
অনলে পুড়িয়া গেল।
অমিয়া-সাগরে সিনান করিতে
সকলি গরল ভেল।।
সখি কি মোর করমে লেখি।
শীতল বলিয়া ও চাঁদ সেবিনু
ভানুর কিরণ দেখি।।

খ) বানান সংশোধনের নিয়মগুলি কী কী লেখো।

গ) তোমার পাঠ্য একটি ছোটগল্পের নাট্যরূপ নির্মাণ করো।

ঘ) একজন প্রুফ-রিডারের দায়িত্ব সম্পর্কে যা জানো লেখো।